

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি পাঁচ ওয়াক্ত সালাত যথাযথভাবে আদায় করবে, কিয়ামতের দিন তার আযাব হবে না

ذِكْرُ نَفْيِ الْعَذَابِ فِي الْقِيَامَةِ عَمَّنْ أَتَى الصَّلَوَاتِ الْخَمْسِ بِحُقُوقِهَا

আরবী

1728 ـ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانٍ الْقَطَّانُ بِوَاسِطٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَمْوِ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حِبَّانَ عَنْ ابن محيريز عن المخدجي وهو ـ أبو رفيع ـ أنه قال لِعُبَادَة بْنِ الصَّامِتِ: يَا أَبَا الْوَلِيدِ إِنَّ أَبَا مُحَمَّدٍ ـ رَجُلُ مِنَ الْأَنْصَارِ كَانَتْ لَهُ صُحْبَةً ـ يَزْعُمُ أَنَّ الْوِتْرَ حَقُّ قَالَ: كَذَبَ أَبُو مُحَمَّدٍ سَمِعْتُ رَجُلُ مِنَ الْأَنْصَارِ كَانَتْ لَهُ صُحْبَةً ـ يَزْعُمُ أَنَّ الْوِتْرَ حَقُّ قَالَ: كَذَبَ أَبُو مُحَمَّدٍ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ جَاءَ بِالصَّلَوَاتِ الْخَمْسِ قَدْ أَكْمَلَهُنَّ لَمْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ جَاءَ بِالصَّلُوَاتِ الْخَمْسِ قَدْ أَكْمَلَهُنَّ لَمْ يَنْفُولُ وَمَنْ جَاءَ بِهِنَّ وَقَدِ انْتَقَصَ مِنْ عَقْدِينَ شَيْئًا كَانَ لَهُ عِنْدَ اللَّهِ عَهْدٌ أَنْ لَا يُعَذِّبَهُ وَمَنْ جَاءَ بِهِنَّ وَقَدِ انْتَقَصَ مِنْ حَقِهِنَّ شَيْئًا فَلَيْسَ لَهُ عِنْدَ اللَّهِ عَهْدٌ أَنْ لَا يُعَذِّبَهُ وَمَنْ جَاءَ بِهِنَّ وَقَدِ انْتَقَصَ مِنْ حَقِهِنَّ شَيْئًا فَلَيْسَ لَهُ عِنْدَ اللَّهِ عَهْدٌ إِنْ شَاء رحمه وإن شَاء عذبه)

الراوي: أبو رفيع المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1728 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1276).

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو مُحَمَّدٍ هَذَا: اسْمُهُ مَسْعُودُ بْنُ زَيْدِ بْنِ سُبَيْعٍ الْأَنْصَارِيُّ مِنْ بَنِي دِينَارِ بْنِ النَّجَّارِ لَهُ صَحْبَةٌ سَكَنَ الشام.

বাংলা

১৭২৮. আবূ রাফি' থেকে বর্ণিত, তিনি উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহুকে বলেন, "হে আবুল ওয়ালিদ, নিশ্চয়ই আবূ মুহাম্মাদ –একজন আনসারী সাহাবী- বলেন যে, বিতর সালাত ওয়াজিব।" তখন তিনি জবাবে বলেন, "আবূ মুহাম্মাদ সত্য বলেন নি। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে ব্যক্তি পাঁচ ওয়াক্ত সালাত পরিপূর্ণভাবে আদায় করবে, যাতে সে সালাতের কোন হক আদায়ে ক্রুটি করেনি, তবে



তার জন্য আল্লাহর কাছে এই মর্মে অঙ্গিকার রয়েছে যে, আল্লাহ তাকে শাস্তি দিবেন না। আর যে ব্যক্তি পাঁচ ওয়াক্ত সালাত আদায় করবে এবং সে সালাতের হক আদায়ে ত্রুটি করে, তবে তার জন্য আল্লাহর কাছে এই মর্মে কোন অঙ্গিকার থাকবে না। তিনি চাইলে তার প্রতি রহম করবেন আর চাইলে তাকে শাস্তি দিবেন।"[1]

আবূ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "হাদীসের রাবী আবূ মুহাম্মাদের নাম মাস'উদ বিন যাইদ বিন সুবাই' আনসারী, তিনি বানী দীনার বিন নাজ্জার গোত্রের মানুষ। তিনি সাহাবী ছিলেন এবং শামে বসবাস করতেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৩১৭; আবূ দাউদ: ৪২৫; আত তায়ালিসী: ৫৭৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৯৬; দারেমী: ১/৩৭০; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২৩; নাসাঈ: ১/২৩০; সুনান বাইহাকী: ২/৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৯৭৭; হুমাইদী: ৩৮৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৫৭৫; ইবনু মাজাহ: ১৪০১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ : ১২৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ রাফি' (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন